দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 25 SEP. 1998 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

27

# উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাসের হার ৪৬.০৮

**স্টাফ রিপোর্টার ॥** দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের চলতি বছরের উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৪৬ দশমিক শূন্য ৮ ভাগ, গতকাল বৃহস্পতিবার দেশের পাঁচটি শিক্ষা বোর্ড একযোগে এই ফল প্রকাশ করে। চলতি বছরের মে-জুন মাসে সারা দেশে একযোগে অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। পাঁচ বোর্ডে সব মিলিয়ে চার লাখ ৭৯ হাজার ২৮ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছিল এবারের এইচএসসি পরীক্ষায়। এদের মধ্যে পাস করেছে দুই লাখ ২০ হাজার ৭শ' ৪৮ জন। পাসের হার ৪৬ দশমিক শূন্য ৮ শতাংশে। পাসের এ হার গত বছরের চেয়ে বেশি। ১৯৯৭ সালের এইচএসসি পরীক্ষায় পাস করেছিল অংশগ্রহণকারীর ৩৭ দশমিক ৩৬ শতাংশ ছাত্রছাত্রী।

*সম্মিলিত মেধাতালিকা ৩য় পৃষ্ঠায়*

ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, যশোর ও কুমিল্লা এই পাঁচ বোর্ডের মধ্যে সবচেয়ে ভাল ফল করেছে রাজশাহী বোর্ডের পরীক্ষার্থীরা। এ বোর্ডে পাসের হার ৫১ দশমিক ৭৭ শতাংশ। অন্য চারটি বোর্ডের মধ্যে ঢাকায় ৪৪ দশমিক ৬২, চট্টগ্রামে ৩৯ দশমিক ১৩, যশোরে ৩৯ দশমিক ৩১ এবং কুমিল্লায় ৫১ দশমিক ৪১ শতাংশ পাস করেছে। সামগ্রিক ফলাফলে দেখা যায় ছেলেদের চেয়ে মেয়েরাই করেছে ভাল রেজাল্ট। সারা দেশে সর্বমোট এক লাখ ৭৭ হাজার ৯শ' ৪৯ ছাত্রী পরীক্ষায় অংশ নিয়ে ৮৩ হাজার ৬শ' ৪০ জন পাস করেছে। মেয়েদের পাসের হার ৪৭ শতাংশ। বিপরীত দিকে তিন লাখ ১ হাজার ৭৯ জন ছেলের মধ্যে উত্তীর্ণ হতে পেরেছে এক লাখ ৩৭ হাজার ১শ' ৮ জন। এক্ষেত্রে পাসের হার ৪৫ দশমিক ৫৪ শতাংশ। মেয়েরা সবচেয়ে বেশি ভাল করেছে রাজশাহী বোর্ডে। এখানে তাদের পাসের হার ৫৪ দশমিক ৫৫ ভাগ।

গ্রুপভিত্তিক হিসাবে পাসের হার সবচেয়ে বেশি বিজ্ঞান বিভাগে-৬২ দশমিক ৯৭ শতাংশ। এর পরেই রয়েছে বাণিজ্য বিভাগ, এখানে পাসের হার ৪৮ দশমিক ৩৯ শতাংশ। মানবিকে পাসের হার সবচেয়ে কম, ৪০ দশমিক ৬২ শতাংশ। অথচ সবচেয়ে বেশি সংখ্যক ছাত্রছাত্রী কিন্তু এই মানবিক বিভাগ থেকেই পরীক্ষায় অংশ নিয়েছে। দেখা যায় সারা দেশে অংশ নেয়া মোট ৪ লাখ ৭৯ হাজার ২৮ জন ছাত্রছাত্রীর মধ্যে ৩ লাখ ১১ হাজার ৯শ' ১০ জন মানবিক, ৯০ হাজার ৪শ' ৫১ জন বিজ্ঞান এবং ৭৬ হাজার ৬শ' ৬৭ জন ছিল বাণিজ্য বিভাগের।

ফলাফলের বিচারে দেখা যায়, সবচেয়ে বেশি সংখ্যক ছাত্রছাত্রী ১ লাখ ৪৫ হাজার ৯শ' ৬০ জন পাস করেছে দ্বিতীয় বিভাগে। এর পরেই রয়েছে প্রথম বিভাগপ্রাপ্তদের সংখ্যা ৪৬ হাজার ৯শ' ৯৯ জন। পাস করা মোট ২ লাখ ২০ হাজার ৭শ' ৪৮ জনের মধ্যে তৃতীয় বিভাগ পেয়েছে মাত্র ২৭ হাজার ৭শ' ৮৯ জন। শতকরা হিসাবে মোট পাসের ২১ দশমিক ২৯ শতাংশ প্রথম বিভাগ, ৬৬ দশমিক ১২ শতাংশ দ্বিতীয় বিভাগে এবং ১২ দশমিক ৫৯ শতাংশ তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

*(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)*


নিয়াজ আরেফিন


তাহমিনা জামান


ইশতিয়াক আহমেদ


ঈশিতারনী


হাফিজ আল আসাদ


মোখলেসুর রহমান

## উচ্চ মাধ্যমিক পরীক্ষার

*(প্রথম পাতার পর)*

এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের সঙ্গে সঙ্গে গতকাল বৃহস্পতিবারই তা দেশের সকল পরীক্ষা কেন্দ্রে পাঠিয়ে দেয়া হয়েছে। ছাত্রছাত্রীরা নিজ নিজ এলাকা থেকেই ফল সংগ্রহ করতে পেরেছে। এ কারণে এদিন দেশের কলেজগুলোতে দেখা গেছে ছাত্রছাত্রীদের ভিড়। এদিকে বোর্ডগুলোর পক্ষ থেকে বলা হয়েছে, কারও ফলাফলে কোন ভুল পাওয়া গেলে তা আগামী ৩০ দিনের মধ্যে লিখিত আপত্তি বোর্ড কর্তৃপক্ষের কাছে পৌঁছানোর জন্য।

পাঁচটি বোর্ডে বিভিন্ন বিভাগে যারা প্রথম স্থান লাভ করেছে তারা হচ্ছে—

ঢাকা বোর্ডের বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধাতালিকায় প্রথম হয়েছে নিয়াজ আরিফিন। সে মির্জাপুর ক্যাডেট কলেজ থেকে পরীক্ষা দিয়ে চার বিষয়ে লেটারসহ ৯৫৩ নম্বর পেয়েছে। মানবিকে প্রথম হয়েছে তাহমিনা জামান, মতিঝিল আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ থেকে পরীক্ষা দিয়ে চার বিষয়ে লেটারসহ ৮৯৩ নম্বর পেয়েছে। বাণিজ্য বিভাগে ঢাকা সিটি কলেজের ছাত্র ইশতিয়াক আহমেদ দু'টি লেটারসহ ৮৩৬ নম্বর পেয়ে প্রথম হয়েছে।

চট্টগ্রাম বোর্ডের বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধাতালিকায় প্রথম হয়েছে গিয়াস উদ্দিন। চট্টগ্রাম কলেজের ছাত্র গিয়াস চারটি লেটারসহ ৯০০ নম্বর পেয়েছে। মানবিক বিভাগে প্রথম হয়েছে চট্টগ্রাম কলেজের ছাত্রী আসনা ইয়াসমিন রহমান; সে চারটি লেটারসহ ৮৫২ নম্বর পেয়েছে। বাণিজ্য বিভাগে সৈয়দ আশিকুল কবির মাহমুদ ১টি লেটারসহ ৭৫১ নম্বর পেয়ে প্রথম হয়েছে। সে চট্টগ্রাম পাবলিক স্কুল এ্যান্ড কলেজের ছাত্র।

মোহাম্মদ অনুপম সৈকত রাজশাহী বোর্ডে বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধাতালিকায় প্রথম হয়েছে। সে বগুড়া সরকারী আযিযুল হক কলেজ থেকে পরীক্ষা দিয়ে চারটি লেটার নিয়ে ৯৩৬ নম্বর পেয়েছে। মানবিক বিভাগে প্রথম হয়েছে রুহুল আমীন। বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজের এই ছাত্রটি দু'টি লেটারসহ ৮৫৪ নম্বর পেয়ে প্রথম হয়েছে। বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে দু'জন। এরা উভয়েই ৭৬৬ নম্বর এবং ৪টি বিষয়ে লেটার পেয়েছে। তানজিনা হোসাইন পাবনা সরকারী এডওয়ার্ড কলেজের এবং আফরোজা পারভিন নাজিম উদ্দিন আজগর আলী কলেজের ছাত্রী।

যশোর বোর্ডে বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে হাফিজ-আল-আসাদ। বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র আসাদ চারটি লেটার নিয়ে ৯৪৪ নম্বর পেয়েছে। মানবিকে প্রথম ঈশিতারনী। বরিশালের অমৃতলাল দে কলেজ থেকে পরীক্ষা দিয়ে চারটি লেটার নিয়ে ৯২৯ নম্বর পেয়েছে। বাণিজ্যে খলিফা আবদুল্লাহ আল মামুন প্রথম হয়েছে। আলহাজ্ব বিএন খান ডিগ্রী কলেজের ছাত্র মামুন চারটি লেটার নিয়ে ৮৩৮ নম্বর পেয়েছে।

কুমিল্লা বোর্ডে বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে অমিতা বিক্রম দেব, সিলেট এমসি কলেজ থেকে পরীক্ষা দিয়ে চার লেটারসহ ৯৩৫ নম্বর পেয়েছে। মানবিকে খোরশেদ আলম প্রথম, হাজীগঞ্জ মডেল কলেজের ছাত্র, চারটি লেটারসহ ৮৪০ নম্বর পেয়েছে। বাণিজ্যে প্রথম মীর মোঃ মোখলেছুর রহমান দু'টি লেটারসহ ৭৮৪ নম্বর পেয়েছে সে অধ্যাপক আবদুল মজিদ কলেজের ছাত্র।

### প্রধানমন্ত্রীর কাছে ফল হস্তান্তর

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে বৃহস্পতিবার পাঁচ বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল হস্তান্তর করা হয়। শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের নেতৃত্বে চেয়ারম্যানবৃন্দ প্রধানমন্ত্রীর কাছে রেজাল্ট হস্তান্তর করেন।